দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং ৫৬৪ /২০২৩ তারিখ: ৯৭ /১০/২০২৩ খ্রি:

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## জরুরী বিজ্ঞপ্তি

### কাস্টম হাউস, চট্টগ্রামে প্রবেশের জন্য Proximity Card System Gate স্থাপন করা প্রসঙ্গে

এসোসিয়েশনের সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টম হাউস, চট্টগ্রামের নিরাপত্তা নিশ্চিতকরণ তথা কাস্টম হাউস, চট্টগ্রামে সেবা গ্রহীতাগণের প্রবেশ ও অননুমোদিত ব্যক্তির প্রবেশ নিয়ন্ত্রণ নিশ্চিতকরণের লক্ষ্যে কাস্টম হাউস, চট্টগ্রাম এবং অত্র এসোসিয়েশন কর্তৃক যৌথভাবে কাস্টম হাউসের প্রবেশদ্বারে Proximity Card System Gate স্থাপন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে Proximity Card বিতরণের উদ্দেশ্যে আবেদন গ্রহণ বিষয়ে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক জারীকৃত অফিস আদেশ, নথি নং-এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/৩৪৮০১()কাস, তারিখ- ১৭/১০/২০২৩ খ্রি. এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

Proximity Card গ্রহণের লক্ষ্যে আগামী ৩১/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে **https://gatepass.chc.gov.bd** ওয়েবসাইটে প্রবেশ করে Access Card Application Form যথাযথভাবে পূরণ করে আবেদন করতে হবে। সিএন্ডএফ এজেন্ট (একক মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারী, লিমিটেড ও অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে সকল পরিচালক ও অংশীদার) এবং প্রতিষ্ঠানের লাইসেন্সধারী সকল কাস্টমস সরকার Proximity Card গ্রহণের জন্য অনলাইনে আবেদন করতে পারবেন। তবে কাস্টমস অনুমোদিত সকল সিএন্ডএফ এজেন্ট ও প্রতিষ্ঠানের সকল কাস্টমস সরকারকে Proximity Card দেয়া হলেও শুধুমাত্র নিম্নোক্তভাবে একটি প্রতিষ্ঠানের মালিক ও কাস্টমস সরকারকে কাস্টম হাউসে প্রবেশের জন্য Proximity Card এর Access দেওয়া হবে।

১. প্রত্যেক সিএন্ডএফ (স্বত্বাধিকারী, লিমিটেড ও অংশীদারী) প্রতিষ্ঠানের মালিককে শুধুমাত্র ১ (এক) টি Proximity Card এর Access দেওয়া হবে।
২. কোন সিএন্ডএফ এজেন্টের ৫ (পাঁচ) বা তদুর্ধ কাস্টমস সরকার থাকলে যেকোন ৩ (তিন) টি Proximity Card এর Access দেওয়া হবে।
৩. কোন সিএন্ডএফ এজেন্টের ২ (দুই) হতে ৪ (চার) জন কাস্টমস সরকার থাকলে যেকোন ২ (দুই) টি Proximity Card এর Access দেওয়া হবে।
৪. কোন সিএন্ডএফ এজেন্টের ১ (এক) জন কাস্টমস সরকার থাকলে ১ (এক) টি Proximity Card এর Access দেওয়া হবে।

**Proximity Card গ্রহণের জন্য নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করার অনুরোধ করা হলো।**

১. Proximity Card গ্রহণের জন্য অনলাইনে আবেদন করে, আবেদনের একটি প্রিন্ট কপি অত্র এসোসিয়েশনের প্রধান কার্যালয়ে দাখিল করতে হবে।
২. প্রত্যেক Proximity Card এর ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা দিতে হবে।
৩. একটি প্রতিষ্ঠানের যে একজন মালিক ও কাস্টমস সরকার(গণ) কাস্টম হাউসে প্রবেশ করবেন, তাঁদের নামের তালিকা (লাইসেন্স নম্বর ও পারমিট নম্বরসহ) প্রতিষ্ঠানের লেটারহ্যাড প্যাডে উল্লেখ করে অনলাইন আবেদন কপির সাথে এসোসিয়েশনে দাখিল করতে হবে।
৪. Proximity Card প্রস্তুত হওয়ার পর Card বিতরণের তারিখ ও স্থান আবেদনকারীকে মোবাইল এসএমএস বা ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে।

Proximity Card গ্রহণ বিষয়ে এসোসিয়েশনের সম্মানিত সদস্যদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য কাস্টম হাউসের রাসায়নিক ভবনে অবস্থিত এসোসিয়েশনের সার্ভিস্ক ডেস্ক-২ তে একটি হেল্প ডেস্ক চালু করা হয়েছে। সদস্য প্রতিষ্ঠান নিজ অফিস থেকে অনলাইনে Proximity Card গ্রহণের আবেদন দাখিলে কোন সমস্যার সম্মুখীন হলে এসোসিয়েশনের হেল্প ডেস্কের সহযোগিতা নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

কাজী মাহমুদ ইমাম (বিলু)
সাধারণ সম্পাদক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম
Website: www.chc.gov.bd; E-mail: customhousectg@nbr.gov.bd

নথি নং এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/ তারিখ: ......../১০/২০২৩ খ্রি.।
17 OCT 2023

"অফিস আদেশ"

বিষয়: **কাস্টম হাউস, চট্টগ্রামে প্রবেশের জন্য Proximity Card বিতরণের উদ্দেশ্যে আবেদন গ্রহণ।**

সূত্র: কাস্টম হাউস, চট্টগ্রামের পত্র নং- এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/১২১৮০(কাস), তারিখ: ১০/০৮/২৩ খ্রি.।

রাষ্ট্রীয় জনগুরুত্বপূর্ণ সরকারি দপ্তর হিসেবে রাজস্ব ঝুঁকি হ্রাসকরণ, জনস্বার্থ ও রাষ্ট্রীয় নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কাস্টম হাউস, চট্টগ্রামে সেবা গ্রহীতাগণের প্রবেশ ও অননুমোদিত ব্যক্তির প্রবেশ নিয়ন্ত্রণ নিশ্চিতকরণের লক্ষ্যে কাস্টম হাউসে প্রবেশের ক্ষেত্রে Proximity Card System Gate স্থাপন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে সিএন্ডএফ এজেন্ট, শিপিং এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্ট, কাস্টমস সরকারগণসহ সকল স্টেকহোল্ডারগণকে Proximity Card গ্রহণের উদ্দেশ্যে ওয়েবসাইট www.gatepass.chc.gov.bd এ চাহিত তথ্য যথাযথভাবে পূরণপূর্বক আগামী ৩১/১০/২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে Proximity Card গ্রহণের উদ্দেশ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ১৫/১১/২০২৩ খ্রি. তারিখের পর হতে Proximity Card ব্যতীত কাস্টম হাউসে প্রবেশ করা যাবে না মর্মেও সকলকে অবগত করা হলো।

স্বা:-
মুহাম্মদ মাহফুজ আলম
ডেপুটি কমিশনার অব কাস্টমস

নথি নং এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/ 16802( ) তারিখ: ......../১০/২০২৩ খ্রি.
17 OCT 2023

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব মোঃ শামীম-উল-ইসলাম, প্রোগ্রামার, কাস্টম হাউস, চট্টগ্রাম (স্টেকহোল্ডারগণকে প্রযুক্তিগত সহায়তা প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো)।
২। সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, মক্কা মদিনা ট্রেড সেন্টার (৩য় তলা), ৭৪, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৩। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার ট্রেড সেন্টার, (লেভেল-১০), ১৭২৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
৪। সভাপতি, সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, কাস্টম হাউস, চট্টগ্রাম।

অনুলিপি সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
২। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৩। এডিশনাল কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৪। জয়েন্ট কমিশনার-১/২/৩/৪, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৫। ডেপুটি/সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৬। পরিচালক (নিরাপত্তা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।
৭। শাখা অধিনায়ক, ডিজিএফআই, চট্টগ্রাম সমুদ্র বন্দর শাখা, রুম নং-৩৫৫, চট্টগ্রাম বন্দর ভবন, চট্টগ্রাম।
৮। উপ পরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, চট্টগ্রাম সমুদ্র বন্দর শাখা, ৪ নং গেইট, চট্টগ্রাম।
৯। বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপোটস এসোসিয়েশন (বিকডা), আখতারুজ্জামান সেন্টার (৮ম তলা), আগ্রাবাদ সি/এ, চট্টগ্রাম।
১০। চট্টগ্রাম ক্লিয়ারিং এন্ড ফরওয়াডিং এজেন্টস কর্মচারী ইউনিয়ন (সি,বি,এ) বারিক বিল্ডিং বন্দর, চট্টগ্রাম।
১১। রাজস্ব কর্মকর্তা, সদর (জেটি), কাস্টম হাউস, চট্টগ্রাম।
১২। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
১৩। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
১৪। পি.এ টু কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫। অফিস কপি।

Oct 16.2023

মুহাম্মদ মাহফুজ আলম
ডেপুটি কমিশনার (প্রিভেন্টিভ ও প্রশাসন)